গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
আইসিটি শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moysports.gov.bd

নং-৩৪.০০.০০০০.০৪৬.২৫.০০১.১৯- ২২

তারিখ : ৩০ চৈত্র ১৪২৭
১৩ এপ্রিল ২০২১

বিষয়: বৈদেশিক পিএইচডি ফেলোশীপের জন্য দরখাস্ত আহ্বান।

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নং ০৫.০০.০০০০.২৩৯.২৫.১২১.২০.২৪; তারিখ: ০৪/০৪/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি ২০২০-২১ অর্থবছরে জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন 'বিসিএস ক্যাডার কর্মকর্তদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে সরকারকে শক্তিশালীকরণ-২য় পর্যায় (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় বৈদেশিক পিএইডি ফেলোশীপে অংশগ্রহণের জন্য সংশোধিত বিজ্ঞপ্তিতে বিভিন্ন শর্তের মধ্যে উল্লেখযোগ্য শর্ত মোতাবেক সহকারি সচিব/ সিনিয়র সহকারী সচিব/ উপসচিব/ যুগ্মসচিব পদের কর্মকতা যাদের সর্বোচ্চ বয়সসীমা ৪৫ বছর তাঁরা আবেদন করতে পারবেন। তবে যোগ্য প্রার্থী নির্বাচনে বয়সসীমা ১ (এক) বছর শিথিলযোগ্য। আগামী ২৯ এপ্রিল ২০২১ তারিখ বিকাল ০৪:০০ ঘটিকার মধ্যে সংযুক্ত নির্ধারিত আবেদন ফরম পূরণপূর্বক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে উপ প্রকল্প পরিচালক বরাবর আবেদন করতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

০২। এমতাবস্থায়, উক্ত আবেদন ফরম পূরণপূর্বক আগামী ২৫/০৪/২০২১ খ্রি. তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ের আইসিটি শাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০২ (দুই) পাতা

১৩/০৪/২১
(অমলেন্দু বিশ্বাস)
প্রোগ্রামার
ফোনঃ ৯৫৮২০১১

বিতরণ:

০১. মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ১০৮ মতিঝিল, ঢাকা।
০২. মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা।
০৩. মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
০৪. পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
০৫. সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, এনএসসি টাওয়ার, ঢাকা।
০৬. সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
০৭. যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮. উপসচিব (সকল)/ সিনিয়র সহকারী সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:

০১. সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
পরিকল্পনা-২ শাখা
www.mopa.gov.bd

নম্বর ০৫.০০.০০০০.২৩৯.২৫.১২১.২০.২৪

তারিখ: ২১ চৈত্র ১৪২৭
০৪ এপ্রিল ২০২১

বৈদেশিক পিএইচডি ফেলোশীপের জন্য দরখাস্ত আহ্বানের মেয়াদ বৃদ্ধি

২০২০-২০২১ অর্থবছরে “বিসিএস ক্যাডার কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে সরকারকে শক্তিশালীকরণ-২য় পর্যায় (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের আওতায় “বৈদেশিক পিএইচডি ফেলোশীপের জন্য” নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদন আহবান করা যাচ্ছে।

আবেদনকারীগণের জন্য প্রয়োজনীয় শর্তাবলী ও নির্দেশনা:

১) আবেদনপত্রের সংগে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত Unconditional offer letter (full time) সংযুক্ত করতে হবে। এক্ষেত্রে Times Higher Education এর সর্বশেষ World University Ranking 2021 (overall)-এ উল্লিখিত University-সমূহের মধ্যে ২০০ পর্যন্ত র‌্যাংকিং এর University হতে offer letter প্রাপ্ত কর্মকর্তাগণের আবেদন বিবেচ্য হবে।

২) আবেদনের শেষ তারিখ পর্যন্ত কার্যকর (valid) TOEFL iBT/IELTS (Academic) স্কোর থাকতে হবে। আবেদনকারীগণের IELTS-এ ন্যূনতম গড় স্কোর ৬.৫ হতে হবে (তবে Individual Band Score সর্বোচ্চ ১ টি ৫.৫ গ্রহণযোগ্য)। তদরুপ TOEFL সমমান প্রাপ্তগণ বিবেচ্য হবেন।

৩) পিএইচডি ফেলোশীপের জন্য আবেদনকারীগণকে ন্যূনতম মাস্টার্স ডিগ্রিধারী হতে হবে। পিএইচডি সম্পন্নকৃত প্রার্থীর আবেদনপত্র পিএইচডি ফেলোশীপের জন্য বিবেচিত হবে না।

৪) সহকারি সচিব/সিনিয়র সহকারি সচিব/ উপসচিব/ যুগ্ম সচিব পদের কর্মকর্তা যাদের সর্বোচ্চ বয়সসীমা ৪৫ বছর তাঁরা আবেদন করতে পারবেন। তবে যোগ্য প্রার্থী নির্বাচনে বয়সসীমা ১ বছর শিথিলযোগ্য। সংশ্লিষ্ট কর্মকর্তাগণের চাকুরি স্থায়ী হতে হবে এবং সর্বশেষ পদোন্নতির জিও (GO) সংযুক্ত করতে হবে ।

৫) পিএইচডি ফেলোশীপের জন্য সরকারি/বেসরকারি/ আন্তর্জাতিক কোন পূর্ণাঙ্গ বা আংশিক বৃত্তি/ফেলোশিপ প্রাপ্ত প্রার্থীগণ বিবেচিত হবেন না।

৬) বৈদেশিক পিএইচডি ফেলোশীপে মনোনীত কর্মকর্তাগণ কাঙ্ক্ষিত অধ্যয়ন শেষে দেশে ফিরে ন্যূনতম ০২ বছর দেশের প্রশিক্ষণ প্রতিষ্ঠানেকর্মজীবন অতিবাহিত করবেন মর্মে দুই জন উপযুক্ত সাক্ষীর স্বাক্ষরসহ

নির্ধারিত ফরমে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে বন্ড প্রদান করবেন। নির্ধারিত সময়ে অধ্যয়ন সমাপ্ত না করলে বা দেশে ফেরৎ না আসলে গৃহীত সমুদয় অর্থ সরকারকে ফেরত দিতে বাধ্য থাকবেন। উক্ত কর্মকর্তা দেশে ফেরৎ না আসলে প্রকল্প হতে গৃহিত সমুদয় অর্থ ফেরৎ দেবেন অন্যথায় PDR Act এর মাধ্যমে গৃহীত সমুদয় অর্থ আদায়ের ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭) বর্ণিত পিএইচডি ফেলোশীপ বাধ্যতামূলকভাবে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের On Campus পদ্ধতিতে সম্পন্ন করতে হবে।

৮) চূড়ান্তভাবে নির্বাচিত / মনোনীত কর্মকর্তাগণের বিশ্ববিদ্যালয় (Times Higher Education এর উচ্চতর Ranking এর ক্ষেত্রে প্রযোজ্য)/ কোর্স/সেশন সর্ব্বোচ্চ একবার যৌক্তিক কারণে পরিবর্তনযোগ্য।

৯) চূড়ান্তভাবে নির্বাচিত/মনোনীত প্রার্থীগণকে আবশ্যিকভাবে নির্ধারিত বিশ্ববিদ্যালয় ও নির্ধারিত সেশনে অংশগ্রহণ করতে হবে।এক্ষেত্রে , প্রার্থীর ব্যক্তিগত কোন কারণে নির্ধারিত কোর্সে/নির্ধারিত সেশনে অংশগ্রহণে ব্যর্থ হলে মনোনীত প্রার্থীর মনোনয়ন সরাসরি বাতিল বলে গণ্য হবে।উক্ত প্রার্থী ভবিষ্যতে এ প্রকল্পের আওতায় সকল প্রকার স্বল্প ও দীর্ঘমেয়াদী প্রশিক্ষণে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

১০) আবেদনপদ্ধতি:

ক. যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

খ. চাকরি স্থায়ী হতে হবে এবং স্থায়ী হওয়ার স্বপক্ষে গেজেট নোটিফিকেশন দাখিল করতে হবে।

গ. সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের প্রত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

ঘ. আবেদনকারীগণের IELTS-এ ন্যূনতম Band Score ৬.৫ হতে হবে এবং Individual Band Score একটির বেশী ৫.৫ গ্রহণযোগ্য হবে না/ TOEFL সমমান।

ঙ. কর্মকর্তা নির্বাচনের ক্ষেত্রে কর্মকর্তার মেধাকে অগ্রাধিকার প্রদান করা হবে।

চ. সরকার কর্তৃক বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থের প্রয়োজন হলে প্রার্থীকে তা নিজস্ব তহবিল হতে বহন করতে হবে।

ছ. নির্বাচিত বিষয়সমূহ:

- Public Management/ Public Policy/ Governance/ Development Administration
- Environmental Issues/Global Warming/Climate Change
- Disaster Management
- Economics/ Development Economics/Finance
- Sustainable Development/Development Studies
- Social Studies/Gender studies/Sociology
- Financial Management/ Business & Trade
- Diplomacy/Negotiations

- Organizational Leadership/ ICT Management
- Blue Economy
- Policy Evolution/Implementation/International Development Law/ International Law and other relevant issues এবং সম-সাময়িক গুরুত্বপূর্ণ বিষয়সমূহ।

জ. আবেদনকারী কর্মকর্তার আবেদনের বিষয় আবশ্যিকভাবে তাঁর চাকরির সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

ঝ. পিএইচডি পর্যায়ে আবেদনকারীগণ কর্তৃক বর্ণিত Offer Letter অনুযায়ী প্রস্তাবিত 'Phd Research Proposal' এর দুইটি কপি MS Wordএবং অপরটি PDF ফরম্যাটে আবেদনকারীর নাম ও আইডিসহ নামকরণপূর্বক [File Name:] উল্লিখিত ই-মেইল (phdstgprojmopa2020@gmail.com) ঠিকানা বরাবরে নির্ধারিত সময়ের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।

ঞ. বর্ণিত Research Proposal সর্বোচ্চ ৩০০০ শব্দে মৌলিকভাবে (Original Research & Plagiarism Free)লিখিত হতে হবে। এক্ষেত্রে Times New Roman Font এবং Font Size-12 অনুসরণ করতে হবে। বর্ণিত Research Proposal-মূল্যায়নের জন্য উক্ত রিসার্চের ভূমিকা ও প্রাসঙ্গিকতা, Justification, Objectives, রিসার্চ Methodology, Literature Review এবং গবেষণার বিভিন্ন অঙ্গের বাস্তবায়নকাল (Time Period) সহ বিস্তারিতভাবে ইংরেজিতে সর্বোচ্চ ৩০০০ শব্দের মধ্যে বর্ণিত পদ্ধতিতে লিখতে হবে।

ট. মনোনীত কর্মকর্তাগণের অনুকুলে পিএইচডি ফেলোশীপের টিউশন ফি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বরাবর প্রকল্প দপ্তর কর্তৃক সরাসরি প্রেরণ করা হবে এবং মাসিক ভাতাসহ অন্যান্য ভাতাদি প্রকল্প দলিল মোতাবেক প্রদেয় হবে।

ঠ. পিএইচডি ফেলোশীপে মনোনীত কর্মকর্তাগণ অধ্যয়ন শেষে দেশে ফিরে প্রকল্প দপ্তর বা বর্ণিত প্রকল্পের মেয়াদ শেষ হলে জনপ্রশাসন মন্ত্রনালয়ের সংশ্লিষ্ট শাখা বরাবর (পরিকল্পনা-২ শাখা) যোগাযোগপূর্বক তার প্রয়োজনীয় কাগজপত্র/পিএইচডিফেলোশীপ সম্পন্ন করার প্রমাণাদি যথাযথভাবে দাখিল সাপেক্ষে কর্মে যোগদান করবেন ।

ড. যে কোন পর্যায়ে ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

ঢ. পিএইচডি ফেলোশীপ সম্পন্ন শেষে ফেরত আসার পর দেশের প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ২ (দু্ই) বছর চাকরি করতে হবে।

আগ্রহী কর্মকর্তাগণকে বর্ণিত শর্তাদি যথাযথভাবে অনুসরণপূর্বক আগামী ২৯ এপ্রিল ২০২১ তারিখ বিকাল ৪:০০ ঘটিকায় অফিস চলাকালীন সময়ের মধ্যে নির্ধারিত ফরমে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবশ্যিকভাবে